দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ক্যাম্পাসে বিডিআর মোতায়েন, ৭ সদস্যের তদন্ত কমিটি

নিজস্ব বার্তা পরিবেশক : শামসুন্নাহার হলে পুলিশি অভিযান ও ক্যাম্পাসে ছাত্র মিছিলে হামলার পর উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় ক্যাম্পাসে বিডিআর মোতায়েন করা হয়েছে। সন্ধ্যা থেকে বিডিআর ক্যাম্পাসে টহল দিতে শুরু করেছে। অন্যদিকে ২টি ঘটনা তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বুধবার সংঘটিত ঘটনা ও শামসুন্নাহার হলের ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভারপ্রাপ্ত প্রো-উপাচার্য ও কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসানকে প্রধান করে ৭ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছেন। কমিটিকে আগামী ৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন শহীদুল্লাহ, রোকেয়া, মৈত্রী, মুহসীন, ফজিলাতুন্নেসা হলের প্রভোস্ট ও প্রক্টর।